

“কৃষিই সমৃদ্ধি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা বীজ প্রত্যয়ন অফিসারের কার্যালয়  
বীজ প্রত্যয়ন এজেন্সী,  
কৃষি মন্ত্রণালয়, খুলনা।



স্মারক নং: ১২.০৪.৪৭০০.০০২.৩৬.০৩৪.২৪- ২৭৫

তারিখঃ- ১০/০৭/২০২৫ খ্রি.

বিষয়ঃ মানসম্মত আমন বীজের সরবরাহ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, চলতি আমন মৌসুমসহ অন্যান্য মৌসুমে ফসলের গুণগত মান রক্ষা, কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি এবং কৃষকের স্বার্থ বিবেচনায় বাজারে বীজের মান নিয়ন্ত্রণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। সম্প্রতি উপজেলা পর্যায়ে বাজার মনিটরিংয়ে দেখা যাচ্ছে যে, বীজ ডিলার বা বিক্রেতা কর্তৃক ভেজাল ও মেয়াদোত্তীর্ণ বীজ বিক্রয়ের চেষ্টা করা হচ্ছে যা মানসম্মত বীজ সরবরাহের জন্য হুমকিস্বরূপ। এমতাবস্থায়, বীজের মান নিয়ন্ত্রণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলায় নিয়মিত বাজার মনিটরিং জোরদারকরণ এবং মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে বীজের মান নিয়ন্ত্রণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২০/০৭/২৫

(ড. রুবায়ত আরা)

জেলা বীজ প্রত্যয়ন অফিসার (অ.দা.)

ফোন: ০২-৪৭৭৭০২৬২৩

email: dsco.khulna@sca.gov.bd

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১।
- ২। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ/মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, খুলনা অঞ্চল, খুলনা।
- ৫। জেলা প্রশাসক, খুলনা।
- ৬। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা জেলা, খুলনা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), খুলনা জেলা, খুলনা। (সংশ্লিষ্ট উপজেলায় বাজার মনিটরিং কার্যক্রমে ম্যাজিস্ট্রেটসি সহায়তার অনুরোধসহ)।
- ৮। উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), খুলনা জেলা, খুলনা। (সংশ্লিষ্ট উপজেলায় বাজার মনিটরিং ব্যবস্থা জোরদারকরণের অনুরোধসহ)।
- ৯। অফিস নথি।